



ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি

দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।
www.pbs.brahmanbaria.gov.bd



ফোন: 02334448504

ই-মেইল: bbariapbs52@gmail.com

স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০২.০০৮.২৬. ৪৭৪০

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১১ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

“নিয়োগ বিজ্ঞপ্তি”


ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নোক্ত পদসমূহে শূন্য পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর জন্য প্রকৃত যোগ্যতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে জেনারেল ম্যানেজার, ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি বরাবর আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃনং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০১।	ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত)	০৪ টি (পদ সংখ্যা কম/বেশি হতে পারে)	পবিস বেতন কাঠামো- ২০১৬ (সংশোধন) অনুযায়ী বেতন স্কেল ১৮,৩০০.০০ হতে ৪৬,২৪০.০০ এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	(ক) এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ২.২৫ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ২.৫০ থাকতে হবে। (খ) কম্পিউটারে বাংলা ও ইংরেজীতে টাইপিং গতি প্রতি মিনিটে যথাক্রমে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ৩০ (ত্রিশ) শব্দ তৈরীতে সক্ষম হতে হবে। ওয়ার্ড প্রসেসিংসহ কম্পিউটার ও অফিস যন্ত্রপাতি পরিচালনায় দক্ষতা ও এর উপর পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। (গ) বাংলা ও ইংরেজী ব্যাকরণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। বানান, উচ্চারণ, বাক্য গঠন, শব্দ তৈরী, সমন্ধে সঠিক ধারণা থাকতে হবে। (ঘ) দাপ্তরিক চিঠিপত্র, তথ্যাদি, রিপোর্ট ইত্যাদি নথিভুক্তকরণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। (ঙ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিষ্কারভাবে উপস্থাপনে দক্ষ/সক্ষম হতে হবে। (চ) ওয়ার্ড প্রসেসিং এন্ড প্রিন্টিং ও কম্পিউটার বিষয়ে মৌলিক জ্ঞান সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	(ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা ব্যতীত অন্যান্য সকল জেলার স্থায়ী বাসিন্দা)
০২।	অফিস সহায়ক	০৪ টি (পদ সংখ্যা কম/বেশি হতে পারে)।	পবিস বেতন কাঠামো- ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৫,৫০০/- হতে ৩৯,১৭০/- এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	(ক) কমপক্ষে এসএসসি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (খ) প্রার্থীকে অবশ্যই সং, বিশ্বস্ত, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। (গ) প্রার্থীকে সুন্দর শারিরীক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তি হতে হবে। (ঘ) বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে। (ঙ) প্রার্থীকে দাপ্তরিক চিঠিপত্র আদান-প্রদান, পরিষ্কার, পরিচ্ছন্নতা, গৃহস্থলী এবং অপিস ডেকোরেশন কাজে পারদর্শী হতে হবে।	

শর্তাবলীঃ

০১. আবেদনকারীগণকে ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইট (www.pbs.brahmanbaria.gov.bd) অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট www.reb.gov.bd হতে A4 সাইজের নির্ধারিত আবেদন ফরম কাগজে (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজহাতে পূরণ করে আগামী ০৫/১১/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেনারেল ম্যানেজার, ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। নির্ধারিত ফরম ব্যতীত অন্য কোন ফর্মে/সাদা কাগজে/টাইপকৃত/সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না। ব্রাহ্মণবাড়িয়া জেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।
০২. নিম্নোক্ত কাগজপত্রসহ আবেদন দাখিল করতে হবেঃ
- (ক) ওয়েবসাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।
 - (খ) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি (সত্যায়িত)।
 - (গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (মার্কশিট ও প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)।
 - (ঘ) জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের অনুলিপি।
 - (ঙ) অভিজ্ঞতার সনদ।
 - (চ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর বা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে নাগরিকত্ব সনদ ও চারিত্রিক সনদ।
 - (ছ) আবেদনপত্রে সংযুক্ত সকল কাগজপত্র (ফটোকপি) ও ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত হতে হবে এবং কর্মকর্তার নাম সম্বলিত সীল থাকতে হবে।
 - (জ) জেনারেল ম্যানেজার, ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
০৩. প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় এক বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশনে থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন, বাৎসরিক কর্মমূল্যায়ন এবং পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে এবং পল্লীবিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ (পবিস নির্দেশিকা - ৩০০-১৪, ৩০০-২৪, এবং ৩০০-৫১) হওয়ায় শর্ত প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিতকরণ সহ মূল বেতন ও অন্যান্য ভাতাদি প্রদান করা হবে।
০৪. কোটা প্রয়োগের ক্ষেত্রে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
০৫. আগামী ০৫/১১/২০২৬ খ্রিঃ তারিখ ডাটা এন্ট্রি অপারেটর/অফিস সহায়ক পদে প্রার্থীর বয়স ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের প্রমাণক হিসাবে এইচ.এস.সি/সমমানের এবং এস.এস.সি/সমমানের প্রার্থীর বয়সসীমা নির্ধারণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
০৬. অন্য কোন সংস্থা হতে অপসারিত/বরখাস্তকৃত এবং পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত ও স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
০৭. কোন তথ্য গোপন করে কেউ নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৮. অত্র পবিস-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালকদের ও তাদের স্বামী/স্ত্রীর রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবে না।
০৯. প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে এবং ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর সহ যে কোন জোনাল/সাব-জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।
১০. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
১১. অসম্পূর্ণ এবং ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১২. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৩. সরকারী, আধা-সরকারী, স্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৪. খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।
১৫. যে কোন পদের জন্য তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গন্য করা হবে।
১৬. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।



(মোঃ সাইদুর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পৃঃ অঃ) পরিদপ্তর/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা [বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
- ০৫। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ০৬। একান্ত সচিব, সমিতি ব্যবস্থাপনা, বাপবিবো, ঢাকা।
- ০৭। ডিজিএম (সদর-কারিগরি/কসবা/ কসবা সদর/ নাসিরনগর/নবীনগর/আখাউড়া/বিজয়নগর) জোনাল অফিস, ব্রাহ্মণবাড়িয়া পবিস।
- ০৮। এজিএম (অর্থ-রাজস্ব/ অর্থ-হিসাব/ওএন্ডএম/ ইএন্ডসি/ প্রশাসন/ এমএস), ব্রাহ্মণবাড়িয়া পবিস।
- ০৯। এজিএম (আইটি), ব্রাহ্মণবাড়িয়া পবিস। [পবিসের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন]
- ১০। অফিস কপি/মাস্টার ফাইল/নোটিশ বোর্ড কপি।



11.10.26
(শারমিন চৌধুরী সুষমা)
এজিএম (মানব সম্পদ)